আমরা বুখারেষ্টে সমস্ত জেলার মেয়রদের নিকট আবেদন করে বোঝাতে চেষ্টা করি যে, আমাদের কাজটি খুবই জনহিতকর ও গুরুত্বপূর্ণ এবং সমস্ত পশ্চিম ইউরোপীয় দেশে কর্মটি সু প্রতিষ্ঠিত। আমরা ৪ নং জেলার মেয়রকে কোপেন হেগেনের আই আর সি টি এর চিকিৎসা কেন্দ্র পরিদর্শনের আমন্ত্রন জানাই।

পরিদর্শনের পর তিনি আমাদের সাহায্য করেন, যার ফলে ১৯৯৫ সালে জেলা-৪, এর মিউনিসিপ্যামের মালিকানাধিন নীচতলার একটা বড় এপার্টমেন্ট বরাদ্দ দেন।

আমোদের মূল অবস্থানের সন্নিকটে মধ্যস্থত হলেও ভবনটি খুব ভাল অবস্থায় না থাকায় আমরা নামমাত্র ভাড়ায় উহা বন্দোবস্ত লই। আর্ন্তজাতিক পর্যায়ের ব্যক্তিগত দানের দ্বারা স্থানীয় একজন স্থাপত্য শিল্পির সাহায্যে জন্য ভবনটি ভিতরে ও বাইরের প্রয়োজনীয় সংস্কার করে আমাদের উদ্দেশ্য সাধনের জন্য ব্যবহার শুরু করি। কোপেন হেগেনের দপ্তর বিভাগীয় (স্কুল) ডিনটিসট্রি আলাদা দপ্তর ইউনিট খোলার জন্য সাহায্য করেন এবং মরা মূল চিকিৎসা ও অফিসের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রায় করতে সক্ষম হই। স্থানীয় স্বাস্থ্য কতৃপক্ষ আমাদের বন্দোবস্তকৃত স্থানটিতে ক্লিনিক হিসাবে ব্যবহারের জন্য অনুমতি দান করে।

আমরা এখনও মূল জায়গায় অনেকগুলি কার্যক্রম চালাতে হয় বলে এখনও আমাদের সমস্যার গ্রহণযোগ্য সমাধান পায়নি।

লাসাই

বিপুল সংখ্যক রাজ বন্দীদের আবাস স্থল উত্তর পূর্ব রুমানিয়ার লাসাহ মিউনিসিপ্যালিটির মেয়রের সঙ্গে ১৯৯৪ সালে আমরা এ এফ ডি পি আর এর স্থানীয় শাখায় প্রেসিডেন্ট সহ সাক্ষাৎ করি।

এই মেয়র মহোদয় বিরোধী রাজনৈতিক গ্রুপের হওয়ায় তিনি প্রাক্তন রাজবন্দীদের জন্য একটা কেন্দ্র নির্মানের জন্য আমাদের প্রতি খুবই সহানুভূতি প্রবর্ত হন।

কয়েক মাস পর ভালো স্থানে অবস্থিত সুদৃশ্য ভবনের সন্নিকটে নীচতলায় একটা খালি ডিপার্টমেন্টাল ষ্টোরে তিনি আমাদের নামে বরাদ্দ করেন।

এই সিটি হলের সঙ্গে আমাদের নাম মাত্র ভাড়ার ভিত্তিতে ২০ বছরের একটা চুক্তি হয়। পুনরায় ব্যক্তিগত পর্যায়ের আর্ন্তজাতিক অনুদানের জন্য ধন্যবাদ জানাই। আমাদের স্থানীয় স্থাপত্য শিল্পী আমাদের এই ভবনটির খানিক অংশ আদর্শ চিকিৎসা পূর্ণবাসন কেন্দ্রে রূপান্তরিত করেন।

বুখারেষ্টে প্রত্যাবর্তন

এই ইতিবাচক অভিজ্ঞতা সঞ্চয়ের পর আমরা সবাই বুখারেষ্ট হলে ফিরে আসি। ১৯৯৫ সালে কর্ণেলিও চপোসু মৃত্যু বরণ করেন। মৃত্যুর পূর্বে তিনি বুখারেষ্টের মেয়রের নিকট লিখিতভাবে সুপারিশ করেন আমাদের উদ্যোগের জন্য সহযোগিতা দান করতে আমরা তখন এই দলিল মেয়র মহোদয়ের নিকট পেশ করায় তিনি সিটি প্রশাসনকে জরুরী ভাবে আমাদের জন্য বৃহত্তর পরিসরে কেন্দ্র নির্মানের জন্য একটা স্থান খুঁজে দেবার নির্দেশ দেন। ইউনিরিল বোলেভার্ডের মূল স্থানে একটা অসমাপ্ত ভবনের বিশাল অংশ সবশেষে আমাদের ত্রাসে বরাদ্দ প্রদান করেন। আমাদের আর্ন্তজাতিক পর্যায়ের ব্যক্তিগত দাতাদের প্রদান্যতার ফলে বিশেষ করে ওক ফাউন্ডেশনের (আর্কার পরিবার), এর আমাদের স্থাপত্য শিল্পী দূরদর্শিতার ফলে আমরা শুধু মাত্র দন্ত বিভাগ বাদে আমাদের সমস্ত কর্মকান্ড একই দালানে নিয়ে এসেছে এবং ১৯৯৯ সনে বাসস্থান হিসাবে ব্যবহার শুরু করি। প্রয়োজন বোধে নবায়ন যোগ্য নামমাত্র ভাড়ার ভিত্তিতে একটি প্রশাসন আমাদের সঙ্গে মানষিক চুক্তি নামা সম্পাদন করেন।

ক্রায়োভা

দেশের দক্ষিণ পশ্চিম অংশে ক্রোয়েভা শহরে আমরা ১৯৯৮ সালে আমাদের তৃতীয় অথচ ক্ষুদ্র কেন্দ্রটি স্থাপন করতে সক্ষম হই। এর জন্য সিটি হলের সঙ্গে দীর্ঘতর সমঝোতা সংলাপ আবশ্যক হয়। কোপেন হেগেনস্থ আই আর সিটি সংস্থার প্রতিনিধিগণ আমাদের সঙ্গে বিভিন্ন সভায় যোগদানের ফলে আমাদের সমর্থনের মাত্রা (মিটিং গভর্ণমেন্ট) ও আমাদের কাজের উপর চাপ বৃদ্ধি পায়। পৌর প্রসাশক আমাদের স্থান প্রাপ্তির ব্যাপারে গৃহীত প্রচেষ্টার সহায়তাদানের সিদ্ধান্ত গ্রহণ করেন। সংস্কার এবং নবরুপ দানের ফলে ক্লিনিকের কার্যক্রম পরিচালনার জন্য স্থানটি সুন্দর অবয়ব লাভ করে। তিনটি মিউনিসিপ্যাল এলাকার মধ্যে এক হাজার বর্গমিটারের অধিক জায়গা নাম মাত্র ভাড়ায় আমাদের অধিকারে আসে। এই কেন্দ্র বিন্দুতে স্থাপিত অফিসের জায়গার বাজার মূল্য সহজেই বছরে এক লক্ষ ইউ,এস, ডলারের বেশি হয় ইহা তিনটি কেন্দ্রের বার্ষিক পরিচালনা ব্যায়ের এক তৃতীয়াংশ মাত্র।

মকদ্দমা ব্যয়ভার এবং মূল্য সামঞ্জস্য

আমাদের চলমান চ্যালেঞ্জ হচ্ছে ক্রমবর্ধমান রোগীকে বিনা মূল্যে স্বাস্থ্য পরিচর্যা এবং ঔষধ প্রদান করা। প্রাক্তন রাজবন্দীদের মধ্যে এই কেন্দ্রের অস্তিত্বের সংবাদ জড়িয়ে পড়ায় আমাদের সাক্ষাৎকার বহি সর্বদা পূর্ণ থাকে।
আমরা আশা করেছিলাম জনস্বাস্থ্য বিভাগের বাস্তব সহযোগীতা প্রাপ্তির। বিশেষ করে রোগ নির্ণয় ডায়গনোষ্টিক এবং থেরাপিউটিক চিকিৎসা সেবা যা আমরা রোগীদের প্রদান করতে পারিনি। ১৯৯২ সালে বসন্তকালে আমরা স্বাস্থ্য মন্ত্রনালয় বরাবরে সরকারী ভাবে নিবন্ধন প্রাপ্তির জন্য আবেদন করি তা কর্তৃপক্ষ সম্পূর্ণ নেতিবাচক উত্তর প্রদান করে। তখন আমরা গ্রহণ যোগ্য খরচে সহানুভুতিশীল সহকর্মী যারা পেশাগত সেবা প্রদানে ইচ্ছুক তাদের সঙ্গে জোট গঠন শুরু করি। আমরা বাইরের ল্যাবরেটরী (পরীক্ষাগার) এবং বিশেষ ব্যবস্থায় পরিচালিত ক্লিনিক যার মধ্যে জেরিয়্যাট্রিক নামের হাসপাতাল আছে এবং যারা রোগীদের বিনামূল্যে স্বাস্থ্য সেবা নিশ্চয়তা দান করতে সক্ষম তাদের সঙ্গে চুক্তি সম্পাদন করি। ঔষধের দাম এবং চিকিৎসা সেবা মূল্য দ্রুত বৃদ্ধি পাওয়ায় এবং রোগীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় আইকারের পক্ষে বাজেটের খাত ওয়ারী বরাদ্দের নিদারুন সমস্যার সৃষ্টি হয়। বিপ্লবের পরে প্রাক্তন রাজবন্দীদের আইনগত সুবিধা প্রদান করা হয় যে তারা জনস্বাস্থ্য ব্যবহার বিনা মূল্যে চিকিৎসা সেবা পাওয়ার অধিকারী সংরক্ষন করে। কিন্তু রোমানীয় স্বাস্থ্য পরিসেবা ব্যবস্থায় সীমিত সংখ্যাক রোগীকে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা বিদ্যমান থাকায় রোগীদের চিকিৎসা ব্যয় নির্বাহের ক্ষমতা না থাকা সত্বেও পয়সার বিনিময়ে চিকিৎসা সেবা প্রদানকারী সংস্থার উপর ক্রামান্বয়ে নির্ভরশীল হতে হয়।

আইকার সংস্থা কর্তৃক বিনামূল্যে রোগীদের উপযুক্ত দক্ষ চিকিৎসা দ্বারা স্বাস্থ্য সেবা প্রদানের প্রতিশ্রুতি রক্ষা করা সম্ভব হয়েছে শুধুমাত্র আর্ন্তজাতিক দাতা সংস্থার নিকট হতে প্রাপ্ত অনুদানের জন্য। আকর্ষনীয় বেতন অভিজ্ঞ পেশাদার কর্মচারীদের নিয়োগদান করা হয়। তাদের বিশেষভাবে বলা হয় রোগীদের নিকট হতে কখনও যেন অতিরিক্ত অর্থের দাবী করা না হয় বা গ্রহণ না করা হয়। যদিও প্রাক্তন রাজবন্দীদের জন্য বিনামূল্যে ঔষধ পাওয়ার বিধান আছে কিন্তু বাস্তবতা তারা তা পেতে সক্ষম নহে। ব্যক্তি

মালিকানা ঔষধের দোকান থেকে বিনা মূল্যে ঔষধ দিতে অস্বীকার করে। কারণ উচ্চমুদ্রা স্ফীতি এবং স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক ক্ষতি পুরনের বিলম্ব হওয়ায় তারা পূর্ণ মূল্য আদায় করতে পারে না। মুখ রক্ষা করার জন্য স্বাস্থ্য ব্যবস্থার অধীনে কয়েকজন ডাক্তারকে সরকারী মালিকানায় পরিচালিত ঔষধের দোকান হতে কয়েকটি ঔষধ বিনা মূল্যে প্রদানের ব্যবস্থা করা হয়। এটা আশ্চার্যজনক নয় যে, অল্পদিনের মধ্যে এখানে রোগীর ভিড় হয় এবং এটা বন্ধ হয়। ক্রমবর্ধমান রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় এবং অর্থ প্রাপ্তির অসুবিধার জন্য আইকার আর্থিক বরাদ্দ জনিত সমস্যায় পড়ে। আমরা আইনগত ভাবে যারা বিনা মূল্যে ঔষধ পাবার উপযুক্ত শুধুমাত্র সেই রোগীদের তালিকা তৈরি করি। আমরা আইনের অন্য একটি ধারা বলে রোগীদের পছন্দমত চিকিৎসক বেছে নেওয়ার অধিকার নিশ্চিত করি। আমাদের রোগীদের জন্য আইকার নির্ধারিত চিকিৎসক দ্বারা বিনামূল্যে ঔষধের ব্যবস্থাপত্র প্রদান সম্পর্কিত অনুরোধ পত্র স্বাস্থ্য মন্ত্রণালয় প্রাথমিকভাবে প্রত্যাখ্যান করে। কিন্তু নিরন্তর প্রয়াসের ফলে তারা কয়েকটি ক্ষেত্রে সুবিধা দানে রাজি হয়। প্রথম দফায় আমরা আইকার ফাউন্ডেশন নিয়োজিত চিকিৎসকের দ্বারা আংশিক ভর্তুকি প্রাপ্ত ঔষধ নিদিষ্ট সংখ্যাক ব্যক্তি ও ব্যবস্থাপত্র প্রতি একটা বাজেট বরাদ্দ দেয়। এতে আমাদের রোগী প্রতি ঔষধের খরচ কমে কিন্তু ক্রমবর্ধমান রোগীদের চাপে ঔষধের খরচ আমাদের নির্ধারিত বাজেট অতিক্রম করে।

১৯৯৭ সালে আমরা শহরের কয়েকজন সহানুভূতিশীল সিটি হসপিট্যাল পরিচালককে আমাদের সাহায্য করার ক্ষেত্রে তাদের বোঝাতে সক্ষম হই। তারা বাজেটের মধ্যেই আমাদের চিকিৎসকদের দেওয়া ব্যবস্থাপত্রের ঔষধের মূল্য পরিশোধের অনুমতি প্রাপ্ত হয়। যেন ঐ চিকিৎসকগন হাসপাতালেরই নিয়মিত কর্মচারী। এতে বোখারেস্টে সমস্যার সমাধান হয় কিন্তু লাচাই ও ক্রেইভাতে হয় না। এই প্রচেষ্টার মাধ্যমে রোগীদের বিনামূল্যে ঔষধের ব্যবস্থাপত্র পাওয়ার অধিকারকে সংরক্ষন করার বিরাট সাফল্য লাভ করি। আমাদের কার্যক্রম পরিচালনার জন্য জনগণের আর্থিক সাহায্য দানের পরিমান জাতীয় স্বাস্থ্য বীমা প্রদত্ত বার্ষিক একশত শঞ্চাশ হাজার ইউ.এস. ডলার ছাড়িয়ে যায়, ইহা তিনটি কেন্দ্রের বার্ষিক পরিচালনা ব্যায়ের অর্ধেক মাত্র।

জাতীয় স্বাস্থ্য বীমা আইনের সঙ্গে সমঞ্জস্য বিধান

জনগনের জন্য সেবাদানের মাধ্যমে কাম্য ফল লাভের জন্য প্রচলিত আইন এবং প্রসাশনিক বিধির যুগোপযোগী পরিবর্তন অত্যাবশ্যক। এর জন্য আমাদের গৃহীত কৌশলের গুরুত্বপূর্ণ পরিবর্তন এমনকি সাংগাঠনিক কাঠামো পূণর্বিন্যাসের প্রয়োজন দেখা দেয়।

১৯৯৮ সালে রোমানীয় পার্লামেন্টে ভোটের মাধ্যমে জাতীয় স্বাস্থ্য বীমা নীতি পাশ হওয়ার ফলে পুরানো সমস্ত বিধি ব্যবস্থা পুণঃ বিবেচনা অপরিহার্য হয়ে পড়ে। এ পর্যন্ত আইকার তার রোগীদের বিনামূল্যে বিষেশায়িত ও সাধারণ চিকিৎসা সুবিধা প্রদান করে। যে সমস্ত চিকিৎসক এই কেন্দ্রের পরামর্শ কক্ষে কর্মরত ছিলেন তাদের মাসিক বেতন প্রদান করা হয় এবং তারা প্রয়োজন বোধে রোগীদের চাহিদা অনুযায়ী ঔষধের ব্যবস্থা পত্র প্রদান এবং প্রয়োজন বোধে চিকিৎস্যার জন্য বিনা মূল্যে বাইরে বিশেষজ্ঞদের নিকট প্রেরন করেন। জাতীয় স্বাস্থ্য পরিচর্যা ব্যবসার পরিবর্তন হওয়া সত্ত্বেও আমরা একই ধরনের পূর্ণ এবং অবৈতনিক স্বাস্থ্য সেবা প্রদান অব্যাহত রেখেছি।

নুতন আইন প্রবর্তনের ফলে সকল প্রকার পারিবারিক চিকিৎসক বীমা ব্যবস্থার আওতাধীন হন। আমাদের বিনামূল্যে ঔষধ প্রদানের ক্ষেত্রে দুটো ভিন্ন দলকে আইকারের তত্ত্বাবধানে সংগঠিত করার প্রয়োজনীয়তা দেখা দেয় প্রথমতঃ সাধারণ চিকিৎসক যাদের নিকট আমাদের রোগীদের নাম নিবন্ধন করতে হয় দ্বিতীয়তঃ ১৯৯৮ সালের পূর্বে যারা স্ট্যাফ এর সদস্য হিসেবে ব্যক্তিগতভাবে পেশাগত সমিতি এবং বিশেষজ্ঞ যারা সেবাদান কর্মে লিপ্ত ছিলেন। এখন রোগীরা তাদের নিজেদের যোগ্যতায় ব্যক্তিগত চিকিৎসকের নিকট নাম নিবন্ধনের ব্যবস্থা করেন। এই সমস্যা আইকারের সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী সাময়িকভাবে সমাধান হয়। যাতে আইকারের পারিবারিক চিকিৎসকগন তাদের রোগীকে ছাড়পত্র এবং তাদের উত্তরাধীকারী যারা ফাউন্ডেশনে ছেড়ে যেতে ইচ্ছুক। আরও একটি অতিরিক্ত সমস্যা দেখা দেয় যখন জাতীয় স্বাস্থ্য বীমা কর্তৃপক্ষের স্থানীয় শাখা লক্ষ্য করে যে, আমাদের চিকিৎসকগন খুব দামী ঔষধের ব্যবস্থাপত্র দিচ্ছেন এবং পারিবারিক চিকিৎকদের গড় হারের চেয়ে উহার পরিমান বেশি। তারা আমাদের চিকিৎসকদের যে পরিমান ঔষধের ব্যবস্থাপত্র পদানের অনুমতি দেন তারা সবকিছুর উপর একটি মাসিক সিলিং নির্ধারণ করেন। আমাকে ব্যাখ্যাদান করতে হয় যে, এই বাহ্যতঃ মাত্রাতিরিক্ত ব্যবস্থাপত্র যা একটি সহজ পরিণতি হচ্ছে আইকারের চরম স্বাস্থ্য হীন এবং উচ্চ মাত্রার বয়সের রোগী নির্ধারনের আইকারের বিশেষ ব্যবস্থার সমন্বিতরুপ। যদি বোখারেষ্টে আইকারের এক হাজার রোগীকে ৫০ জন পারিবারিক চিকিৎসকের মধ্যে ভাগ করে দেওয়া হয় তাহলে তারা একই মূল্যে সমপরিমান ঔষধ পাবে। কিন্তু এসব মিলিয়ে চিকিৎসকের রোগী সামান্য অংশ গঠন করে। এই বীমা সংস্থা এই চিকিৎসকদের দেওয়া অতিরিক্ত ব্যবস্থাপত্র দেখবে না। শুধুমাত্র বিলটি পরিশোধ করবে। আইকার কেন্দ্র সমূহ এখন আশানুরুপ চিকিৎসা সুবিধা প্রদান করছে এবং কোন অতিরিক্ত বীমা প্রতিষ্ঠানের জন্য কোন অতিরিক্ত অর্থ বীমা প্রতিষ্ঠানকে দিতে হয় না। সৌভাগ্যত: আমি এই যুক্তির পক্ষে বীমা কোম্পানীদের বোঝাতে সক্ষম হই।

নুতন আইনের জন্য চাপ প্রয়োগ

কারণ এই সমাধান সমূহ পরিনামে শুভ ফল বয়ে আনবে না সে কারণে আমরা আইনের একটা সংশোধনী এনে আইকার কেন্দ্র সমূহে চিকিৎসা প্রতিষ্ঠানের মত নিয়োজিত চিকিৎসকদের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করা যায় সেজন্য। জাতীয় স্বাস্থ্য বীমা নীতির আওতায় আইকারের রোগীদের তখন সাধারণ এবং বিষেশায়িত চিকিংসা পাবার জন্য তাদের সেবা প্রদানকারী ফাউন্ডেশনকে বেছে নিতে পারবে। এ এফ ডি আর-এর সঙ্গে একত্রে আমরা বিদ্যমান স্বাস্থ্য বীমা আইনের সংশোধনীর জন্য অধিপরামর্শ শুরু করি, যা আমাদের রোগীদের জন্য পারিবারিক চিকিৎসা সেবা প্রদানের অধিকার সংরক্ষন করতে পারে। আমরা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বোখারেস্টের জনস্বাস্থ্য বিভাগ স্বাস্থ্য মন্ত্রণালয়ে এবং তাদের মাধ্যমে পার্লামেন্টে স্বাস্থ্য বিষয়ক কমিশনে গমনে সুযোগ পাই। যদিও আমরা সরাসরি আইনের খসড়া প্রণয়নের প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ছিলাম না, এটা প্রসানিক সংশোধনী আনুষ্ঠানিক ভাবে ২০০৪ সালে রাষ্ট্রের স্বাস্থ্য সচিবের মাধ্যমে আমাদের অব্যাহত চাপের কারণে পার্লামেন্টে উত্থাপিত হয়। বিদায়ী পার্লামেন্টে এই প্রস্তাবিত পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব গৃহীত হতে সহায়তা করে। পরবর্তীকালে কম্যুনিষ্ট পরিচালিত ক্ষমতাসীন সরকার এই নীতির বাস্তবায়নের কথা প্রকাশ করতে অকারণ বিলম্ব করে। কিন্তু এই সংশোধনী বাতিলের প্রয়াস চালায় নাই।

মানবাধিকার লংঘনের শিকারদে জন্য ক্ষতি পুরনের অন্বেষায় ঃ

অত্যাচার বিরোধী জাতিসংঘের সনদ, (যে সনদে রোমানীয় একটি অনুস্বাক্ষরকারী দেশ) অনুযায়ী রাষ্ট্রীয় পক্ষের বাধ্যবাধকতা এই যে, তারা শুধু অত্যাচারের শিকারদের শুধুমাত্র ক্ষতি পূরনই দিবেনা, যথাসম্ভব পরিপূর্ণ পূণর্বাসনের ব্যবস্থা করবে। আমাদের রোগীরা ইচ্ছাকৃত রোমানীয় সরকারকে বুঝিয়ে বিষেশায়িত চিকিৎসা সুবিধার খরচ সারাদেশের অত্যাচার ভোগীদের চিকিৎসা খরচ রোমানীয় সরকার পূণর্বহাল করে। অত্যাচারের শিকার হয়েও অদ্যাবধি যারা জীবিত তারা খুবই জটিল ধরনের রোগী। তাদের প্রয়োজন সর্বাত্মক চিকিৎসা যার ফলে তাদের শারীরিক, মনস্তাত্বিক এবং অত্যাচারের সামাজিক ফলাফল যার জন্য আত্মিক, আইনগত এবং আর্থিক সহায়তা প্রয়োজন। চিকিৎসা শিক্ষায় এই অত্যাচার ভোগীদের চিকিৎসা ব্যবস্থা একটি নুতন অধ্যায় বিশেষ। বিশ বছর আগে ডেনমার্কে যখন অত্যাচার ভোগীদের চিকিৎসা কেন্দ্র স্থাপিত হয়। সেই থেকে সারা পৃথিবীর পূণর্বাসন কেন্দ্র সমূহ বিপুল অভিজ্ঞতা সঞ্চয়ের অবারিত সুযোগ লাভ করে। এই বিশেষ ধরনের জটিল রোগীর চিকিৎসার জন্য বাহ্যত: বিশ বছর খুব বেশি সময় নয়। যার ফলে বৃহত্তর চিকিৎসা পেশার সঙ্গে যুক্ত ব্যক্তিদের দাবিয়ে রাখার দৃষ্টিভঙ্গি। এই রুগীর জন্য যে বহুধা চিকিৎসা প্রয়োজন সে সম্পর্কে সচেতনতা লাভ করা। বহু মাত্রিক নিয়মানুবর্তী দল সাধারণ চিকিৎসা কেন্দ্রে যে কাজ আদৌ করা সম্ভব নয় এবং রোগীদের চাহিদা পুরনের জন্য পুর্নবাসন কেন্দ্রে কর্মরত তারা শুধুমাত্র এই প্রচেষ্টার সঙ্গে নিয়োজিত। আমরা আরও সচেতন যে, রাষ্ট্রের জনস্বাস্থ্য ব্যবস্থা দ্বারা এই জটিল সমন্বিত সেবা কর্মে সম্পূর্ণ সহায়তা দান করা সম্ভব নয়, সে কারনে আমরা আইনানুগ সহায়তা চাই এবং আবশ্যক বোধে বিদ্যমান আইনের সংশোধনী কামনা করি। চিকিৎসা ব্যবস্থা বহিঃর্ভূত দিক দিয়ে মানবাধিকার লংঘনের শিকারের ক্ষতি পূরন আইনগত প্রতি বিধান এবং পুনুরুদ্ধার ও নৈতিক পুনর্বাসন রোমানীয় আইন এবং রাজনৈতিক ঐতিহ্যের অংশ বিশেষ। পরিশেষে চরম মানবাধিকার লংঘনকারীদের বিচারের ক্ষেত্রে রোমানীয়দের একটি দায়বদ্ধতা আছে। কোর্টকে বোঝান যাতে সুবিচার নিশ্চিত হয়। এই সমস্যা সমাধানের জন্য আমাদের অবলম্বিত কৌশল এবং পদ্ধতির স্বাভাবিক সম্প্রসারনেরই নামান্তর।

আলোচনা এবং বিশ্লেষন:

যে বিষয় গুলো আমাদের অনুকূলে:

আমাদের সফলতা যথবদ্ধভাবে বন্ধীদের চারিচিত্র বৈশিষ্ট ও আইকার এর সুনিদিষ্ট গুণাবলীর দ্বারা প্রভাবন্বিত

- ১৯৮৯-১৯৯০ সালের বসন্ত কালে আপেক্ষিক ভাবে তরলায়িত রাজনৈতিক পরিস্থিতির সুযোগে সৃষ্ট জানালা দিয়ে সদ্য প্রতিষ্ঠিত প্রাক্তন রাজনৈতিক বন্দীদের জাতীয় সংগঠন এএফডিপিআর-এর নির্বাচিত মুখপাত্র তাদের পক্ষে কার্যকর পন্থায় কাজ করার সুযোগ পান।
- এএফডিপিআর-এর শর্তহীন পৃষ্ট পোষকতায় আমাদের প্রচেষ্টার প্রতি উৎসাহ এবং সমর্থনে রাজনৈতিক ক্ষেত্রে পর্দ্দার অন্তরালে অবাঞ্চিত চাপ পরিলক্ষিত হয় এবং একজন সহানুভুতিশীল ব্যক্তি এই পদ্ধতির অসংখ্য অবস্থায় উপকারী বিবেচিত হতে পারেন।
- এই লক্ষিত জনগোষ্ঠীর প্রতি গণ সহানুভুতির অভাব থাকা সত্বেও সম্পূর্ণ খোলাখুলিভাবে কর্মকান্ড পরিচালনায় আইকারের দক্ষতা।
- প্রাথমিকভাবে কিছু অসুবিধার পর আইকার সংশ্লিষ্ট পর্যায়ের সরকার এবং দপ্তর সমূহ এবং পেশাগত গ্রুপ এবং ব্যক্তির মধ্যে সরাসরি সম্পর্ক স্থাপনে আইকারের দক্ষতা।

- আইকারের প্রতি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জাতিসংঘ, ইউরোপীয় ইউনিয়ন, ডেনমার্ক এর নিকট হতে আইকারের প্রতি আন্তর্জাতিক সহায়তা প্রদান। আমরা সুইজারল্যান্ডের পার্কার ফ্যামিলির উদার অনুদান, বরাদ্দের জন্য গভীর কৃতজ্ঞতা জানাই এবং কাছা পার্কার বোখারেস্টে আমাদের কেন্দ্রে অব্যাহত সহযোগিতা দানের জন্য কৃতজ্ঞতা জানাই।

আইকার কর্মীদের দক্ষতা এবং যোগ্যতা এবং স্বাস্থ্য ব্যবস্থার সঙ্গে তাদের যোগাযোগ। আমাদের স্বাস্থ্য বিভাগীয় কর্মীদের বিনামূল্যে পরীক্ষা নিরীক্ষা এবং বিনামূল্যে চিকিৎসা প্রাপ্তির সুযোগ যা তারা উপযুক্ত মনে করেন। রাজনৈতিক নীপিড়নের সময় জনগণের হারিয়ে যাওয়া বিশ্বাস আমাদের রোগীদের প্রতি তাদের আশানুরূপ সেবা জ্ঞানের জন্য আমাদের প্রদত্ত প্রতিশ্রুতি পুনুরুদ্ধার হয়েছে।

- এখানে বৃহত্তর পরিষদের বিষয়গুলো অনুকুল সহায়তা দান করেছে।
- সাধারণ জনগন এমনকি প্রাক্তন কম্যুনিষ্টদের মধ্যে বিদ্যমান রাজনৈতিক সদিচ্ছা, যা পশ্চিম ইউরোপের সঙ্গে রোমানিয়ার সংহতিকে তরান্বিত করেছে মানবাধিকার সম্পর্কিত বিষয়ে ইউরোপীয় মান বজায় রেখে উহা সম্পন্ন করা। রোমানীয় কর্মকর্তাদের সঙ্গে বৈঠককালে আমরা প্রায়শই উদহারন দিয়েছি যে, কেমন করে অন্যান্য গণতান্ত্রিক দেশের স্থানীয় এবং জাতীয় কর্তৃপক্ষ জাতীয় স্বাস্থ্য ব্যবস্থার সঙ্গে, সম্পর্ক বজায় রেখে পূর্ণবাসন কেন্দ্রের কর্মকান্ড সম্পন্ন করে।
- রোমানীয়র আইন সভা বহু মাত্রিক এবং ব্যাখ্য দানের জন্য উন্মুক্ত। এর বাস্তবায়নে কোন খাত এবং প্রশাসনিক স্তরের সঙ্গে সমন্বয় ব্যবস্থা নাই। এই সঙ্গতিহীনতা আমাদের অনেক সুযোগ এনে দেয়। এক প্রতিষ্ঠানের নিকট যা গ্রহন যোগ্য তা অন্য প্রতিষ্ঠানের নিকট গ্রহনযোগ্য নয়। যদিও সেখানে প্রাক্তন রাজনৈতিক বন্দীদের দুর্গতি মোচননের জন্য কোন বড় রকমের রাজনৈতিক প্রতিশ্রুতি নাই। যতদিন আমরা সাধারণ ভাবে কাজকর্ম করেছি ততদিন আমাদের কাজ কর্মের খোলাখুলি সমালোচনায় অনিহা দেখা গেছে।
- প্রাক্তন রাজবন্দীদের অধিকার সম্পর্কীত (১১৮/১৯৯০) আমাদের প্রচেষ্টা আইনগত ভিত্তি রচিত করে।
- যদিও পর্দার অন্তরালে থেকে গোপন পুলিশ বাহিনীর সব কিছু নিয়ন্ত্রন করে তারা আমাদের সম্পর্কে অনেকটা উদাসীন থেকেছে এবং আমাদের কর্মকান্ডে অন্তর্ঘাত মূলক কোন ভূমিকা রাখার চেষ্টা করেনি।
- ১৯৯৬ সালে রাষ্ট্রপতি নির্বাচনে প্রথম একজন অ-কম্যুনিষ্ট রাষ্ট্রপতি, এমিল কনট্যাটিনেসকু নির্বাচিত হন এবং সরকারের পরিবর্তন ঘটে। এটা আমাদের অনেক সুযোগ এবং আমাদের মর্যাদা বৃদ্ধির সহায়ক হয়। প্রাক্তন রাজনৈতিক বন্দীদের অত্যাচারের বিরুদ্ধে তাদের আপোষহীন সংগ্রামের জন্য জনমনে তাদের প্রতি গভীর কৃতজ্ঞতা বোধ এবং সহায়তা দানের সদিচ্ছার প্রকাশ ঘটেছে। এমনকি এই সরকারের রাষ্ট্রপতির দপ্তর হতে কোন প্রাক্তন রাজবন্দীদের অবস্থার উন্নয়নের জন্য কোন উল্লেখযোগ্য প্রয়াশ চালানো হয়নি অথবা আমাদের রোগীদের অত্যাচারকারীদের বিরুদ্ধে কোন বিচার কার্য সম্পাদন করা হয়নি।

আমাদের যে বিষয়গুলো আমাদের প্রচেষ্টাকে জটিল করেছে

১৯৮৯ সালের পর রোমানীয় সমাজ বাহ্যিকভাবে পূর্ণগঠিত একটি কম্যুনিষ্ট সমাজ বই আর কিছু নয়। ৫০ বছরের নিরব এবং দায়িত্ব এড়িয়ে যাওয়া আচরন এবং সেখানে পরিবর্তনের অনেক প্রতিরোধ হয়েছে, কিন্তু রোমানীয় জনগন স্বাধীনতার কোন উদ্যোগ এবং কর্মকান্ডকে স্বাগত জানায়নি। অধিকাংশ লোক পিতৃতান্ত্রিক দৃষ্টিভঙ্গি সংরক্ষন করে। তাদের মধ্যে অবিশ্বাস ছিল চরম, শুধু প্রাক্তন বন্দীদের মধ্যে নয় বরঞ্চ সমাজের সর্বত্র। সরকার এবং সুশীল সমাজের মধ্যে সম্পর্কের মেরুকরন ঘটে। প্রাক্তন বন্ধীরা সাধারণ জনগন অথবা রাজনৈতিক উত্তরাধিকারদের কাছ থেকে কোন প্রকার সহানূভূতি পায়না।

ক্ষতিপুরন ঃ

রোমনীয় সমাজে প্রাক্তন অত্যাচারীদের বিচারের ব্যবস্থা বা ক্ষতি গ্রস্থদের ক্ষতিপুরনের কোন আগ্রহ প্রদর্শন করেন নাই এবং অতীত অপরাধীদের বিচার প্রক্রিয়ায় অকারণ দীর্ঘ সুত্রতা বিচার প্রার্থীদের চরমভাবে হতাশ করেছে। তিমিওয়ারায় নারকীয় হত্যা যজ্ঞের দশ বছর পর নিরস্ত্র বেসামরিক প্রতিবাদ সমাবেশের উপর তাজা গুলি ব্যবহার করার আদেশ দানকারী দু'জন সামরিক জেনারেলের বিচারে কারাদন্ড হয়। এই বিচারের রায় প্রদান করে তারা শাস্তি এড়িয়ে বিদেশে পাড়ি জমায়।

বিগত সরকারের গোপন পুলিশ বাহিনীর ব্যক্তিগত ফাইল খোলার ব্যাপারে এএফডিপিআর এর সভাপতি সিনেটর টিস্যুভুমিট্রেসকু দশ বছর ধরে পার্লামেন্টে যুদ্ধ করেন। অধিকাংশ পার্লামেন্ট সদস্য খুব চতুরতার আশ্রয় গ্রহণ করে তার উদ্যেগের অকারন বিলম্ব ঘটিয়ে তাকে হতাশ করার প্রয়াস পান। যা অবশেষে সিদ্ধান্ত হয় যে যিনি ভবিষ্যতে সংসদ সদস্য প্রার্থী হবেন তার যাবতীয় কর্মকান্ডের সঙ্গে গোপন পুলিশ বাহিনীর সঙ্গে কোন সম্পর্ক আছে কিনা তা যাচাই করা হবে। অবশেষে এটা আশ্চর্যের নয় যে, অনেক গোপন পুলিশ বাহিনীর সদস্যদের ফাইল হারিয়ে যায়। কিন্তু এবিষয়টির জন্য পরীক্ষা নিরীক্ষার জন্য গঠিত কমিটি

কর্তৃপক্ষের সঙ্গের প্রতিদফা কাগজ নিয়ে লড়াই করতে হয় এবং নির্বাচনের পরে ছাড়া এ সম্পর্কীত প্রতিবেদন পেশ করতে তারা অক্ষমতা প্রকাশ করে।

২০০০ সালের নভেম্বর মাসে নির্বাচনে প্রাক্তন কম্যুনিষ্ট পার্টি রাষ্ট্রপতির পদে পুর্ণবহাল হয় এবং পার্লামেন্টে কার্যকর সংখ্যা গরিষ্ঠতা রাভ করেন। সৌভাগ্যতঃ তারা তাদের শাসনের ধরন অনেকটা পাল্টায় এবং তাদের ইচ্ছায় ন্যাটো এবং ইউরোপীয় ইউনিয়নে প্রবেশ করে। আমাদের ক্লাইন্টদের প্রয়োজনের প্রতি সর্বাত্মক সদুত্তোর দানের অংশ হিসেবে ক্ষতি পূরণ আদায়ের বিরুদ্ধে সংগ্রামে নতুন উপাদান যুক্ত হয়।

ন্যায় বিচারের প্রশ্ন থেকে পূর্ণ মনস্তাত্ত্বিক পূণর্বাসনের বিষয়টিকে আলাদা ভাবে দেখা যায় না। এই কাজে আমাদের প্রয়োজন যত্ন সহকারে কৌশল নির্ধারন। সংস্কারের জন্য যে কোন চাপকে প্রতিহত করার পন্থা অবগত হয়ে সময় অর্থ প্রত্যয় সবই এই ব্যবস্থা পরিবর্তনের জন্য অত্যাবশ্যক।

এক্ষেত্রে লন্ডন ভিত্তিক বিড্রেস্ট ট্রাস্ট নামে আমরা সম্প্রতি অভিজ্ঞ সংগঠনকে সঙ্গে নিয়ে একটি প্রকল্প প্রনয়নের প্রস্তুতি গ্রহণ করছি। এই অংশীদার ভিত্তিক প্রকল্পের মূল উদ্দেশ্য রোমানীয়ার মানবাধিকার মান উন্নয়ন এবং আইনের শাসন প্রবর্তনের মাধ্যমে নির্যাতনের শিকার, বিশেষ করে নিষ্ঠুরতা, অমানবিকতা, শিকার অশোভন আচরন এবং শাস্তি দানকারী মানবাধিকার লংঘনকারীকে ন্যায় বিচারের আওতায় এনে নির্যাতন ভোগীদের ক্ষতিপূরন প্রাপ্তি নিশ্চিত করা।

সাংগঠনিক বিষয়াদি আমাদের ভীতি উত্তরন

আমরা প্রত্যেকেই অবগত আছি যে, এই নতুন শক্তির বিরুদ্ধে এই কার্যক্রম চ্যালেঞ্জ ছুড়ে দেয় যা আমাদের পেশাগত কর্মকান্ডকে ক্ষতি সাধন করতে পারে। আমাদের পরিবার এবং বন্ধুদের মধ্যে রাজনৈতিক নিপীড়ন দেখে ভুক্তভোগীদের সাহায্য করার মনোভাব পোষন করে। তখন প্রত্যেকেই এই কর্মী হওয়ার ঝুঁকি গ্রহণ করে এবং চাপের ভয়ে এটা করতে কেউ বাকি থাকে না। আমরা আমাদের ঐ লক্ষিত জনগোষ্ঠীর সঙ্গে আমরা শক্তিশালী সম্পর্ক গড়ে তুলি এবং প্রত্যেকেই অনুভব করে যে, এই নির্যাতন ভোগীদের সেবা করা পূর্ণ আবেগ নির্ভর পেশাগত কর্ম যার সঙ্গে আমরা সম্পৃক্ত।

ঐক্য এবং গতিবেগ ঃ

আইকার ব্যবস্থাপনা কমিটি প্রত্যেক কর্মীকে প্রতিটি মিটিং এ হাজিরা এবং প্রত্যেকেই সমস্যার সমাধানের কারণ অনুসন্ধানে ব্যপৃত করে রাখে। এমনকি যখন আমরা সাময়িক ভাবে কর্মীদের পূর্ণ বেতন দানে অক্ষম ছিলাম তখন প্রায় প্রত্যেকেই হ্রাসকৃত বেতন গ্রহণে সম্মত ছিল।

নির্যাতনভোগী উত্তরজীবি'র সঙ্গে কাজ করতে যেয়ে এটা অস্বাভাবিক কিছু নয় যে, দুঃখ জনক অভিজ্ঞতা যা নির্যাতন ভোগকারীর নিকট হতে সেবা প্রদানকারীর উপর বর্তায়। এটা অপর দিকে কর্মচারীদের মধ্যে বাহ্যত ঃ অপ্রাসঙ্গিক বিষয় নিয়ে সংঘাতের সৃষ্টি করে অথবা একটা বিচ্ছিন্ন পক্ষ যুদ্ধং দেহি উপদলে বিভক্ত হয়। আইকার ফাউন্ডেশন এ ধরনের অনেক পরিস্থিতি অভিজ্ঞতা সমৃদ্ধ কিন্তু তারা ঐ সকল বিষয়ে দক্ষতার সঙ্গে মোকাবেলা করেছে কিন্তু তাদের উদ্যোগে শিথিলতা আনয়ন করেনি। আমাদের বেঁচে থাকতে হলে বিভিন্ন ধরনের সমাধানের পথ খুঁজে বের করতে হবে এবং এই কর্মকান্ডে কর্মচারীদের মেজাজের সঙ্গে খাপ খাওয়ানোর বিষয়টি প্রাধান্য পায়। বিনা মূল্যে ঔষধ পাওয়ার জন্য যে ব্যবস্থা আমাদের সহায়তা করে তা উদহারন স্বরুপ অনেক জটিল বলে মনে হয়। অনেক সময় বিপুল পরিমান ঔষধের মূল্য নিয়ে একজন রোগীর ক্রয় ক্ষমতার বিষয়টি বা দীর্ঘদিনের জন্য ঔষধ খাবার ব্যবস্থা নিয়ে আলোচনা হয়। প্রায়ই সকল ক্ষেত্রে ঔষধের মূল্য নির্বিশেষে আমরা সবাইকে সর্বোচ্চ চিকিৎসা সেবা প্রদান করি।

চ্যালেঞ্জ প্রদান এবং সরকারী অনুমোদন ঃ

আমাদের অর্থ ব্যবস্থাপনা সরকারী কর্মকর্তাদের প্রতি চ্যালেঞ্জ প্রদান করতে ভীরুতা প্রকাশ পায় না। একটি বিশেষ পরিস্থিতিতে অর্থ মন্ত্রণালয় আমাদের ভ্যাট ফেরত প্রদানে অস্বীকৃতি জানায় যা, একটি মানবতাবাদী সংগঠন হিসেবে আমাদের পরিশোধ করার কথা নহে। আইকার সমস্ত আইনগত শর্ত যথাযথ ভাবে পুরন করা সত্ত্বেও আমাদের পাওনা পরিশোধে বাৎসরাধিক কাল বিলম্ব করে। বিষয়টি মন্ত্রণালয়ে গোচরীভূত করায় ভয় দেখালে আমাদের টাকা পরিশোধ করে দেয়। অন্য একটি ঘটনার আইকার ফাউন্ডেশনকে স্থানীয় প্রশাসন অযৌক্তিক কর ধার্য্য করে বিষয়টি আমরা আদালতে জানাই। এই ধরনের কাজ ফাউন্ডেশনের মর্যাদা বাড়ায় এবং এর পুনরাবৃত্তি ঘটেনি।

ফলাফল ঃ

স্থানীয় উৎস হতে আমরা বেশ পরিমান অর্থ জোগাড় করতে সমর্থ হয়। এই অর্থ দ্বারা আমরা রুমানিয়ার তিনটি শহরে উল্লেখযোগ্য সংখ্যক রাজবন্দীদের উন্নত মানের চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রাখতে সমর্থ হই। কেন্দ্র সমূহে লক্ষিত জনগোষ্ঠির সম্পদকে একাকীত্ব হতে উত্তরন ঘটিয়ে তাদের প্রাপ্য উপযুক্ত মর্যাদা প্রদানের মাধ্যমে সামজিক ভাবে পূণর্বসিত করা হয়। একজন ইউরোপীয় ইউনিয়নের মূল্যায়নকারীর নিকট প্রকাশ করেন যে, আমার জরুরী চিকিৎসা প্রয়োজন না হওয়া সত্ত্বেও আমি প্রায়শই এখানে করেন আমি এটা এমন একটা জায়গা যেখানে নিশ্চিত ভাবে সাদর সম্ভাষন লাভ করি, অত্যাচারী ভোগীদের জন্য জাতিসংঘ স্বেচ্ছাসেবী তহবিল ও ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নের উপর এখনও আমাদের কার্যাবলী বহুলাংশে নির্ভরশীল। যৌথ ভাবে প্রাক্কলিত অর্থ যা তেমানীর শহর কতৃপক্ষ আমাদের উপর ন্যাস্ত করেছেন এবং রুমানীয় স্বাস্থ্য বীমা ব্যবস্থা হতে ঔষধের শুন্য পরিশোধের জন্য প্রদত্ত মূলধনের পরিমান ২৫০,০০০ ইউ এস ডলার ঘদ্দারা রুজায়েট, লাসাই ও ক্রোয়েভার তিনটি কেন্দ্র পরিচালনা ব্যয়ের ৪৫% শতাংশ নির্বাহ হয়। ১০ বছরের পিছনে রেখে আসা কার্যক্রম মূল্যায়ন করে দেখেছি আমরা প্রত্যাশায় চেয়ে অনেক বেশী সফলতা অর্জন করেছি।

কৌশলের বাস্তব প্রয়োগ ঃ

নির্দিষ্ট সংখ্যক জনগনের সেবা দানের জন্য রাষ্ট্রীয় কর্তৃপক্ষকে বোঝাবার চেষ্টা করায় ক্ষেত্র এই অভিজ্ঞতার খুবই শিক্ষামূলক ভূমিকা আছে। যদিও আমাদের চিকিৎসা সেবা প্রদানের প্রেক্ষিত দক্ষ অভিজ্ঞতা জানা যায়, এ ধরনের অনেক ক্ষেত্র আছে যে রাষ্ট্রের উপর চাপ প্রয়োগ বা সহযোগিতা প্রদানের মাধ্যমে শিক্ষা ও আইন সেবা বিষয়ে ইতিবাচক ফল লাভ করা যায়। সুবিধা বঞ্চিতদলের মধ্যে বিশেষায়িত চিকিৎসা সেবা প্রদানের জন্য সম্ভবতঃ এই ধরনের কৌশলগত পদ্ধতি অবলম্বন করা যেতে পারে। প্রথম থেকেই নির্দ্ধারিত গ্রুপের প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষনের জন্য এ কর্মকান্ডের দায়িত্বশীল ব্যক্তিদের জনগনের সহানুভূতি কামনার জন্য প্রচেষ্টা চালানো জরুরী।

কুষ্ঠ রোগী, মানসিক প্রতিবন্ধী এবং অতি সাম্প্রতিক কালের এইচ, আইভি,এইডস আক্রান্ত রোগীদের প্রতি ঘৃণা ও গন প্রত্যাখান থাকে। একবার জনগণের সহানুভূতি পাওয়ার ব্যবস্থা হলে এই দল জন স্বাস্থ্য ও মানসিক চিকিৎসা ব্যবস্থা কর্মসূচী হতে উপকার লাভ করতে সক্ষম হবে। যা জনগণের সংগৃহীত তহবিল দ্বারা পরিচালিত।

পুর্বতন রাজবন্ধীদের ক্ষেত্রে মূলতঃ সংস্কার বিহীন একটা সমাজে জনগনের নিকট হতে সহানুভূতি কামনায় বিষয়টি একান্তই অসম্ভব। অনেক ব্যক্তি স্বাস্থ্য ব্যবস্থার সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ঐ সময় বন্ধীদের দুঃখ মোচনের মাধ্যমে অতীত ঘটনা বিস্মৃত হবার ইচ্ছা পোষন করেন।

এমনকি যারা মানবাধিকার লঙ্ঘনের চিত্র সামন্যতম প্রত্যক্ষ করেছেন তারা অনুমান করতে পারেন কত সহজভাবে ভুক্তভোগী জনগন তাদের নিয়ে এসেছে। অথবা তাদের ঘটনার মধ্যে আনা হয়েছে। এই রুপে আমাদের ঐ সমস্ত পরিবারের উপর নির্ভর করতে হয়েছে যাদের সমস্যা সম্পর্কে ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। অপর ক্ষেত্রে দুটো পরই উন্মুক্ত একটা প্রচারণা ব্যাপক ভিত্তিক রাজনৈতিক সমর্থন এবং জনগনের সহানুভূতি আদায়ে সক্ষম হতে পারে অপর পক্ষে সরাসরি ব্যক্তিগত সম্পর্ক স্থাপন বা অনানুষ্ঠানিক পন্থায় ব্যবস্থার মধ্যে থেকে ব্যক্তি সহযোগিদের সমর্থন আদায় করা যায়।

আমাদের অভিজ্ঞতার বারবার এই তাগিদ দেয় যে, এই কৌশলের সফলতা সমর্থন এবং সরকারী প্রভাব লাভের জন্য ব্যবহার করা সম্ভব এবং নিবিড়ভাবে আমাদের লক্ষিত জনগোষ্ঠীর মধ্যে ও সাংগঠনিক অবস্থায় সম্পর্ক পর্যবেক্ষণ করা দরকার রোমানীয় অত্যাচার ভোগীদের মধ্যে জীবিতদের জন্য জনসম্পদ সংগ্রহে আমাদের কার্যক্রমকে বিদ্যমান পরিস্থিতি কিভাবে সহায়তা দান করছে বা আমাদের ক্রমোন্নতি বাধাগ্রস্থ করছে তা ক্রমাগত গবেষণা, মূল্যায়ন, সমন্বয় ও সংগতিবিধানের মাধ্যমে জানা দরকার। চলমান প্রক্রিয়ার উপর নির্ভর করে নবতর প্রেক্ষিতে আমাদের কৌশল প্রয়োগের বিষয় গভীর ভাবে অবলোকন করা আবশ্যক।

যখন পরিবর্তিত নতুন প্রেক্ষিতে এই কৌশল প্রয়োগ করা হচ্ছে তখন চলমান প্রক্রিয়ার অংশ হিসাবে সে সব ক্ষেত্রে ঘনিষ্ট যোগাযোগ রক্ষা করা অতিব জরুরী। নূতন মাত্রায় সম্পদ বৃদ্ধির জন্য সময় নিয়ে কোন সম্পদ সহজে পাওয়া সম্ভব বা তা বাড়ানো যেতে পারে এসম্পর্কে গবেষণা থাকা প্রয়োজন। যে সম্পদ সেই স্থানে বৃদ্ধমান বা পাওয়া যায় তার যথাযথ মূল্যায়ন অবশ্যক। এই ভাবে আপনি সুন্দর ভাবে কার্য আরম্ভ করতে পারেন। যা সম্পর্কোন্নয়ন এবং সহযোগী নির্বাচনের ক্ষেত্রে সহায়ক হবে। সামনে এগিয়ে নিয়ে যাবার জন্য কোন পন্থায় ব্যবহার করতে হবে যা আইনগত সমর্থন লাভের জন্য উপযুক্ত তাও জানা যাবে।

নূতন জোট গঠন, সম্পর্ক উন্নয়নের জন্য প্রতিটি ক্ষেত্রে খাপ খাওয়ানো যায় এমন ভাবে সমন্বয় সাধান করা প্রয়োজন। জনগণের পক্ষহতে যার ফলে আপনি নিদৃষ্ট ইস্যুর জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে পারেন। সকল ক্ষেত্রে আপনার সংগঠনের প্রতিটি

কার্যের প্রতি সর্তক দৃষ্টি নিবদ্ধ রাখা আমাদের পক্ষে সম্ভব নয়। যে সকল জনগণের জন্য আপনার সেবা কর্ম উম্মুক্ত তাদের মধ্যকার দ্বন্দ্ব আপনি ভালভাবে জানেন। অত্যাচারীত ও ঝুকিপূর্ণ যে কোন বিষয়ে কাজ করতে হলে সংগঠনের অভ্যন্তরীন গতির প্রতি খেয়ার রাখতে হবে। যত্ন সহকাওে ব্যবস্থা গ্রহণ না করলে এই গতিময়তা সম্যখ বাধা বিপত্তির সৃষ্টি করতে পারে। সংগঠনের জন্য সম্পদ সংগ্রহের ক্ষেত্রে রাজনৈতিক বিশ্বাস যোগ্যতা ও সুনাম বিশেষভাবে বিবেচিত হয়।

এই কৌশলের সুষ্ঠ প্রয়োগের জন্য নিম্ন লিখিত প্রশ্ন আপনাকে মূল্যবান সহায়তা করতে পারে।

* আপনার লক্ষিত জনগোষ্ঠী কি আইনগত বা স্বাভাবিক ভাবে উপযুক্ত আপনি যে ধরনের সেবা প্রদান করতে চান তা গ্রহণের জন্য?

* আপনার লক্ষিত জনগোষ্ঠী কি তাদের চাহিদা অনুযায়ী স্বাস্থ সেবা পেয়ে থাকেন, আপনি কি সেবার মান উন্নয়ের জন্য নিজ দায়িত্বে সেবা প্রদানকারী সংগঠন গড়ে তুলতে চান?

  যদি তার উপযুক্ত বলে বিবেচিত হয় তবে জাতীয় নীতি গ্রহণের জন্য তাদের উদ্বুদ্ধ করা যাবে। রোমানিয়ার অত্যাচার ভোগী উত্তরজীবিদের মতো যদি অবস্থা দাঁড়ায় যে, তারা সেবা গ্রহণে অস্বীকৃত তখন নতুন প্রতিষ্ঠান গড়ে তুলে এই শূণ্যতা পূরণ করতে হবে। এবং রাষ্ট্রকে এব্যাপারে প্রয়োজনীয় সহায়তা দানের জন্য বোঝাতে হবে।

* আপনি আর্থিক ও মানব চাহিদা কিভাবে মিটাতে চান? আপনার সেবা গ্রহণকারীগণ কি কোন আর্থিক সহায়তা করতে আগ্রহী? আপনি কি অর্থের যোগানদাতা খুঁজতে চান? আপনি কি এই কাজ করতে সক্ষম? আপনি কি পর্যাপ্ত সেবা প্রদানে সক্ষম? আপনি কি লক্ষিত জনগোষ্ঠীর আস্থা এবং আনুগত্য লাভের জন্য সংগতিপূর্ণতা ও আত্ম ত্যাগের প্রতিশ্রুতি প্রদান করতে পারেন? আপনি যখন রাষ্ট্রকে এই দায়িত্ব পূর্ণভাবে পালনের জন্য বলবেন সেক্ষেত্রে কি প্রয়োজনীয় আর্ন্তজাতিক ও ব্যক্তিগত সমার্থন পেতে সক্ষম যা কিনা আপনার প্রয়াস কে স্থায়ীত্ব দান করবে?

* আপনার চাহিদা পূরণে রাষ্ট্র কিভাবে পালন করবে? সেখানে কি কোন জড়তা, অসংগতি সম্যক প্রতিরোধ আসবে? প্রতিটি ক্ষেত্রে সফল কাম হতে গেলে আপনি কি এই প্রাথমিক অবস্থা বিশ্লেষন করতে সক্ষম?

* আপনি যে সেবা কর্ম প্রাপ্তির প্রত্যাশা করেন সেজন্য আপনার রাষ্ট্র যন্তের মধ্যে যেমন প্রশাসনে, মন্ত্রালয়ে কি কোন মিত্র আছে, যারা এসব কিছু সুচারু রূপে সম্পাদন করতে পারে? আপনার কি কোন যোগাযোগ আছে যার মাধ্যমে এই জোটের বিস্তৃতি ঘটানো যায়?

* রাজনৈতিক সংগঠনের মধ্যে আপনার কি কোন বন্ধু আছে? প্রশাসনে প্রভাব খাটানোর মতো যোগ্য লোক কি আছে, যারা প্রয়োজনের মূহুর্তে এগিয়ে আসবে?

* আপনার কর্ম প্রচেষ্টায় কি কোন আইনগত কৌশল নির্ধারণ আবশ্যক? আইনি সংশোধনীর মাধ্যমে কি রাষ্ট্রীয় সহায়তা পাওয়া সম্ভব?

  আপনি নিচের যে কোন গৃহত কর্মসূচী গ্রহণ করতে পারেন।

* লক্ষিত জনগোষ্ঠীর সঙ্গে সংহতি ও আস্থার ভাব প্রতিষ্ঠিত করুন। আপনার নিজের যোগ্যতা, দক্ষতা এবং জনগোষ্ঠীর চাহিদা নিরূপণ করে সেবা প্রদানের জন্য আপনার অভীষ্ট লক্ষ্য নির্ধারিত করুন।

* প্রয়োজন বোধে স্বেচ্ছা প্রণোদিত হয়ে অগ্রাধিকার তালিকায় বর্ণিত চাহিদা পূরণের জন্য কাজ শুরু করুন।

* রাষ্ট্রের প্রশাসন যন্ত্র ও রাজনৈতিক দলের মধ্যে মিত্রের সন্ধান শুরু করুন।

* আপনার দাবী সমর্থনে আর্ন্তজাতিক মানবাধিকার ও মানবতাবাদী আইন কানুন সমূহ চিহ্নিত করুন। বিভিন্ন গ্রুপের অধিকার আদায়ের লক্ষ্যে আপনার চাহিদা পূরণ হয় এমন আইনগত কাঠামো খুঁজতে হবে। যার ফলে একটা সামাঞ্জস্যপূর্ণ, সমন্বিত কর্মসূচীর আওতায়া আসতে সবাই আগ্রহী হয়। বিদ্যমান আইনের বা আইন প্রণয়ের প্রস্তুতি আছে এমন সব বিষয় বিশেষ বিশেষ দলের চাহিদা পূরনের জন্য যেন প্রশাসনিক সহানুভুতিশীল কর্মকর্তাগণ দায়িত্ব পালন করতে পারেন।

* রাজনৈতিক পদ্ধতি সম্পর্কে সুস্পট ধারণা গড়ে তুলুন। যাতে আপনার মনোযোগ চাপ প্রয়োগ বা সহযোগীর জন্য অনুসন্ধান কর্মের ফলপ্রসু উপস্থাপনা সম্ভবপর হয়। কখনও বিস্মৃত হবে না যে, আপনার লক্ষিত উপকার ভোগী ও নিজেদের মধ্যে যোগাযোগের ভিত্তিতে রাজনৈতিক শক্তিতে রূপ নিতে পারে। একই উদ্দেশ্যে কাজ করছে এমন দলের যারা ইতিমধ্যে আমাদের মতো দৃষ্টি আকর্ষণ করে এমন কাজে রত।

* আপনি যদি মনে করেন আপনার লক্ষিত জনগোষ্ঠীর জন্য সহানুভূতিপূর্ণ সক্রিয় সহায়তা যুক্ত গণসচেতনা মূলক কর্মসূচী আবশ্যক তাহলে সহানুভূতিশীল সাংবাদিকদের সহায়তা করতে পারেন। আপনার কর্ম প্রায়াসকে অন্যায় ঘোষনা দিয়ে

যদি কেউ কোন অকারণ শত্রুতা বা দ্বন্দ্বের সৃষ্টি করতে চায় তখন আয়কার সংবাদসেবী সহযোগীদের যোগ্য ভূমিকা পালনের মাধ্যমে তাদের প্রতি প্রয়োজনীয় চাপ প্রয়োগ বা আত্ম রক্ষার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারে।

উপসংহার

প্রত্যেক সমাজে সকল সময় কতিপয় সাহসী অতিমাত্র আবেগ প্রবণ, দুর্ধর্ষ প্রকৃতির লোক থাকেন যারা স্বতঃ প্রবৃত্ত হয়ে কথা বলতে চান। পূর্ণ নীরবতা পালনকারী কোন সিভিল সোসাইটি অস্থিত্ব কল্পনা করা যায় না। কিন্তু কাঙ্কিত ফল লাভের জন্য কোন উপযুক্ত পদ্ধতি নাই যার মাধ্যমে জনগণের নীরবতা ভঙ্গ হবে বা কর্মোদ্যম সৃষ্টি হবে। সকল সম্ভব্য পন্থা গ্রহণের বা বাস্তাবায়নের সুযোগ নিশেষ হবার পূর্বেই উপযুক্ত কৌশল অবলম্বন করুন। দৃষ্টান্ত স্বরূপ আমরা সরাসরি কোন দায়িত্বশীল কর্তৃপক্ষের নিকট আবেদন জানাবার জন্য সম্ভব্য আইনসংগত যুক্তি উপস্থাপনের প্রয়োজনীতা অনুভব করি। তাদের নিজেদের অবলম্বিত পদ্ধতির মাধ্যমে আমরা তাদের আঘাত করতে চাই। নিরুৎসাহিত জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করে ক্রম পরিবর্তনশীল অবস্থার সংঙ্গে সংগতিপূর্ণ নতুন সমাধান পন্থা উদ্ভাবন পূর্বক আমরা কৌশল প্রয়োগে সহায়তা করতে চাই। অনেক সময় রাজনৈতিক গতির সঙ্গে তাল মেলাতে না পারায় পরিকল্পনা প্রণয়ন অসম্ভব হয়ে পড়ে। আমি অনেক সময় লক্ষ্যে পৌছানো সিদ্ধান্তে একটু ভীত হয়ে পড়ি। কেননা আমরা এমন সময় কাজ করছি সেখানে কল্পনা প্রসূত ব্যাখ প্রদান ছাড়া উপযুক্ত আইনি কাঠামো অনুপস্থিত।

আমি বিশ্বাস করি আমাদের কৌশল প্রয়োগ সফল হয়েছে কেননা আমাদের হতোবাক করার মতো কোন নজীর নাই। যেমন সংগঠনের স্বচ্ছতা ছিলনা তা স্বত্বেও দৃঢ়ভাবে সরকারী কর্তৃপক্ষের সঙ্গে নিয়ত যোগাযোগ রক্ষা করেছি। আমাকে যদি সেখানে সব কিছু করতে তবে এত পরিবর্তন সম্ভব হতো না। আমাদের প্রত্যাশা বাস্তবে রূপদানের জন্য যদিও আনেক ধয্য ও সময় লেগেছে তবুও প্রাক্তন রাজনৈতিক বন্ধুদের সাহায্যার্থে সকল ব্যক্তিগত সম্পদ সংগ্রহে ক্ষেত্রে এক মূহুর্তেও জন্য প্রাপ্ত কোন সুযোগ হাত ছাড়া করিনি।